

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.৯৪১.১৭-৬০৮

তারিখঃ ১২/১২/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ সরকারি ক্রয়কারী কর্তৃক দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official cost estimate) প্রস্তুতের ক্ষেত্রে গঠিত কমিটি সম্পর্কিত বিধির স্পষ্টীকরণ সংক্রান্ত।


সূত্রঃ বাংলাদেশ ডাক বিভাগের পত্র নং-১৪.৩১.০০০০.০৫১.১৪.০৫১.১৭; তারিখঃ ২৭/১১/১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিপিআর-২০০৮ মোতাবেক ক্রয়কারী দরপত্র বা প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল চূড়ান্তকরণের পূর্বে বা দরপত্র বা প্রস্তাব আহবানের পূর্বে উন্নয়ন বা রাজস্ব বাজেট নির্বিশেষে ক্রয়কারী নিজ এবং অন্য ক্রয়কারীর প্রতিনিধিসহ ৩ (তিন) জন সদস্যের সমন্বয়ে গঠিত কমিটি দ্বারা কোন নির্দিষ্ট ক্রয়ের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost estimate) প্রস্তুত করবে। এ বিষয়ে পিপিআর-২০০৮ এর বিধি ১৬(৫)(ক)-তে সংস্থান রয়েছে।

০২। এখানে অন্য ক্রয়কারী বলতে একই মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠান এর অন্তর্ভুক্ত অথবা বহির্ভূত অন্য যে কোন ক্রয়কারী (Procuring Entity)-কে বোঝানো হয়েছে। উল্লেখ্য, Official Cost estimate ই-জিপি পদ্ধতিতে আহবানকৃত দরপত্রে আপলোড করতে হবে।

০৩। সূত্রোক্ত পত্র ও সংযুক্ত কাগজ পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

প্রকল্প পরিচালক
বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প
বাংলাদেশ ডাক বিভাগ
ডাক অধিদপ্তর
ঢাকা-১০০০।


(মোসাঃ মোসুমা হারিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ৩। অফিস কপি।